

## জুড়িগাড়ি ফটোগ্রাফ

ডিলানের গান থেকে উঠে এসো প্রেয়সী আমার  
প্রতিটি কথার আগে জুলে ওঠো অঙ্গুরীয় - দ্যুতি  
কতটা কুর্নিশ পারে, ঝুকে দেখে প্রাচীন শহর  
তুমিও দীঘির জলে, মৃদু ঢেউ, হারমনিকায়...

আমি থাকি, তুচ্ছ লোক, অনুগত, ক্যামেরাচালক  
শাটারে আঙ্গুল রাখি, যদি তুমি চকিতে তাকাও  
হলুদ পাতার শ্বাসে ভরে যায় শীতের সরণি  
নরম লেন্সের কাছে ধরা দাও স্মৃতিকাতরতা...

জয়স্ত জয় চট্টোপাধ্যায়